# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/বি/১৫/ময়মন/৩১৬ তারিখ : ২৬/১১/২০২৫ খ্রি.

**বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, Wisdom International School & College , ৬/৩ (বি), গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ-২২০০, বাংলাদেশ কে Registration of Private School Ordinance,1962 (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস, আর, ও নং-১৭৩-আইন/২০১৭) এর ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক মাধ্যমিক (O-Level) এবং উচ্চমাধ্যমিক (A-Level ) পর্যায়ে ০১/০১/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৭ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে:

১. শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
২. বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে;
৩. প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা পূর্ণ অনুসরণ করতে হবে;
৪. বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে;
৫. বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণসহ আর্ন্তজাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুযায়ী শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে;
৬. বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীদের কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
৭. বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে;
৮. প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারন তহবিলে ২,০০,০০০/- রাখতে হবে, যা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
৯. শিক্ষার্থীদের ফলাফল মানসম্মত হতে হবে। O-Level এবং A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি বোর্ডে দাখিল করতে হবে;
১০. পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে;
১১. প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;
১২. জাতিসংঘ শিশু সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১৩. যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;
১৪. সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে;
১৫. প্রতিষ্ঠানের জন্য ভাড়াকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;
১৬. শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ০৫/০৬/২০১৭ খ্রি. তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধির অধীন নিবন্ধন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ
ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

অধ্যক্ষ
Wisdom International School & College
৬/৩ (বি), গঙ্গাদাস গুহ রোড, সদর, ময়মনসিংহ

স্মারক নং- মশিবো/বি/১৫/ময়মন/৩১৬(৯) তারিখ : ২৬/১১/২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৪. কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি নং-৩১, রোড নং-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;
৫. রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার, পিয়ারসন এডেক্সেল, AUGMEDIX ভবন, স্যুট-৫০২, (লেভেল-৫), ১৭/সি, পান্থপথ, ঢাকা;
৬. পরিচালক/প্রতিষ্ঠাতা, Wisdom International School & College, ৬/৩ (বি), গঙ্গাদাস গুহ রোড, সদর, ময়মনসিংহ ;
৭. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৮. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৯. অফিস কপি।

Islam
26.11.2025
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।